

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

নং- ৩১.০২.০০০০.০১৩.০৬.০০২.১(অংশ).২০(১)

তারিখ : ০৪ কার্তিক ১৪২৬
২০ অক্টোবর ২০১৯

পরিপত্র

বিষয়: “নামজারী মামলা রিভিউ” প্রক্রিয়া সহজীকরণ।

বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প’ ২০৪১ মোতাবেক ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী সব সেক্টরকে ডিজিটাল করার সদয় নির্দেশনা দিয়েছেন। ভূমি সেবা ব্যবস্থাপনা কার্যক্রম জটিল, দুর্বোধ্য ও সময় সাপেক্ষ হওয়ায় উক্ত নির্দেশনার আলোকে ভূমি সম্পর্কিত জটিল সেবাদান কার্যক্রমগুলো স্বল্প সময়ে ও স্বল্প খরচে প্রদানের উদ্দেশ্যে Land Information Management System (LIMS) নামক একটি সফটওয়্যার তৈরী করা হয়েছে। নামজারী সংক্রান্ত কার্যক্রম বর্তমানে LIMS সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করা হলেও “নামজারী মামলা রিভিউ” কার্যক্রম এখনও প্রচলিত পদ্ধতিতেই হচ্ছে। সে জন্য ম্যানুয়াল পদ্ধতিতে বাস্তবায়িত “নামজারী মামলা রিভিউ” এর ধাপসমূহ হ্রাস করে তা LIMS সফটওয়্যারে অন্তর্ভুক্ত করা হয়েছে। যার ফলে সেবা প্রার্থীগণ স্বল্প ব্যয়ে ও স্বল্প সময়ে কাঙ্ক্ষিত সেবা গ্রহণে সক্ষম হবে।

০২। এখন হতে সকল উপজেলা ভূমি অফিসে “নামজারী মামলা রিভিউ” সেবাটি LIMS সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করতে হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এই নির্দেশনা অবিলম্বে কার্যকর করতে হবে।

সংযুক্ত : ০২ (দুই) পাতা


২০/১০/১৯

(উম্মুল হাছনা)

চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড


ফোন- ৯৫৫২৮০৭

ই-মেইল: chairman@lrb.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সদস্য (প্রশাসন)/(ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ০৫। জেলা প্রশাসক, ----- জেলা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ০৮। সহকারী কমিশনার (ভূমি),----- জেলা, ----- উপজেলা।
- ০৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (পরিপত্রটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

প্রসেস ম্যাপঃ নামজারী মামলার আদেশের রিভিউ (নতুন পদ্ধতি)



ধাপ সংখ্যাঃ ১৩
সম্পূর্ণ জনবলঃ ৭ জন
সময়ঃ ১০ দিন

P: আবেদনকারী
T: ১ দিন

P: নামজারী সহকারী
T: একই দিন

P: সহকারী কমিশনার (ভূমি)
T: একই দিন

P: সহকারী কমিশনার (ভূমি)
T: একই দিন

P: ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা
T: ৩ দিন

P: সহকারী কমিশনার (ভূমি)
T: ১ দিন

P: নামজারী সহকারী
T: একই দিন

P: সার্ভেয়ার
T: ২ দিন

Handwritten signature and date: 20/10/21

